প্রভাষক রিপন চক্রবর্তীর উপর হামলা, প্রতিবাদে এডওয়ার্ডে মানববন্ধন

এডওয়ার্ডে মানববন্ধন

আর কে আকাশ: পাবনা সরকারি এডওয়ার্ড কলেজ কাম্পাসে, মাদারীপুর সরকারি নাজিমুদ্দিন কলেজের গণিত বিভাগের প্রভাষক রিপন চক্রবর্তীর উপর হামলার প্রতিবাদে বিসিএস (সাধারণ শিক্ষা) সমিতির আয়োজনে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়।

সোমবার (২০ জুন) বেলা সাড়ে ১১টায় এ মানববন্ধনে প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগের শিক্ষক শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

মানববন্ধন শেষে এই বর্বোচরিত হামলার প্রতিবাদ ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়ে সংক্ষিপ্ত বক্তব্য দেন সরকারি এডওয়ার্ড কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. মো. হুমায়ুন কবির মজুমদার, প্রফেসর এ.কে.এম. নুরুল ইসলাম, শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক ড. এ.কে.এম. শওকত আলী খান, সহযোগী অধ্যাপক ড. মো. শাহজাহান। অনুষ্ঠান পরিচালনা করেন সহযোগী অধ্যাপক মো. বেলাল হোসেন প্রমূখ।